# উত্তরা ইউনিভার্সিটির উপাচার্যের ডি-লিট ডিগ্রি অর্জন

নিজস্ব প্রতিবেদক
ঢাকা
প্রকাশ: ০৮ এপ্রিল ২০২৪, ১৩: ০৬
Source: প্রথম আলো


উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ইয়াসমীন আরা। ছবি: সংগৃহীত

ভারতের ঝাড়খন্ড রাজ্যের রাঁচি বিশ্ববিদ্যালয় থেকে ডক্টর অব লিটারেচার (ডি-লিট) ডিগ্রি অর্জন করেছেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ইয়াসমীন আরা লেখা। ৪ এপ্রিল অধ্যাপক ইয়াসমীন আরাকে এই ডিগ্রি দিয়েছে রাঁচি বিশ্ববিদ্যালয়।

অধ্যাপক ইয়াসমীন আরার থিসিসের টপিক ছিল 'বাংলাদেশের প্রবাদ প্রবচন: ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ'। তাঁর থিসিসের তত্ত্বাবধায়ক ছিলেন বিশ্ববিদ্যালয়টির বাংলা বিভাগের অধ্যাপক এস কে পাল।

২০২৩ সালের এপ্রিল মাসে উত্তরা ইউনিভার্সিটির নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছিলেন এই বিশিষ্ট শিক্ষাবিদ। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্য ও ভাষাবিজ্ঞান বিষয়ে ১৯৯২ সালে স্নাতক (সম্মান) এবং ১৯৯৫ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন তিনি। গবেষক হিসেবে অর্জনের স্বীকৃতিস্বরূপ তিনি ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে ভাষাবিজ্ঞানে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। বিজ্ঞপ্তি